



বাংলাদেশ মেডিকেল এন্ড ডেন্টাল কাউন্সিল

২০৩, শহীদ সৈয়দ নজরুল ইসলাম সরনী

(৮৬, বিজয় নগর), ঢাকা- ১০০০।

ফোন : ৯৫৫৫৫৫৩৮, ৯৫৮৬৭২৭, ফ্যাক্স : ৯৫৫৫২৩৬

e-mail: info@bmdc.org.bd

admin@bmdc.org.bd

website: www.bmdc.org.bd

বিজ্ঞপ্তি

১। ২০১৪-২০১৫ শিক্ষাবর্ষে বেসরকারী মেডিকেল/ডেন্টাল কলেজ/ইনস্টিটিউট সমূহে এমবিবিএস/বিডিএস কোর্সে ছাত্র ভর্তির বিষয়ে কাউন্সিলের সিদ্ধান্ত নিম্নরূপ :-

“(ক) সকল বেসরকারী মেডিকেল/ডেন্টাল কলেজ/ইনস্টিটিউট ২০১৪-২০১৫ শিক্ষাবর্ষে স্বাস্থ্য মন্ত্রণালয় কর্তৃক প্রণীত এবং স্বাস্থ্য অধিদপ্তর কর্তৃক বিজ্ঞপ্তি আকারে প্রকাশিত ছাত্র ভর্তির নীতিমালা অনুযায়ী তাহাদের নিজ নিজ কলেজে ছাত্র ভর্তি করিবে। বিদেশী ছাত্র ভর্তি অবশ্যই স্বাস্থ্য মন্ত্রণালয় কর্তৃক প্রণীত নীতিমালা অনুযায়ী হইতে হইবে। (খ) বিদেশী ছাত্রের সংখ্যা কোন অবস্থাতেই অনুমোদিত ছাত্র সংখ্যার বেশী হইবে না। ঐ ভর্তি সংক্রান্ত উল্লিখিত নিয়মের বাহিরে কোন ছাত্র ভর্তি হইলে অত্র কাউন্সিল হইতে তাহাদিগকে রেজিস্ট্রেশন প্রদান করা হইবে না।”

অতএব,

- (১) প্রতিটি বেসরকারী মেডিকেল/ডেন্টাল কলেজ/ইনস্টিটিউটকে ২৪শে অক্টোবর, ২০১৪ইং তারিখে অনুষ্ঠিত স্বাস্থ্য অধিদপ্তর কর্তৃক পরিচালিত এমবিবিএস এবং বিডিএস কোর্সে ভর্তি পরীক্ষার ফলাফলের আলোকে আবশ্যিকভাবে মেধাক্রমানুসারে ছাত্র ভর্তি করিতে হইবে।
- (২) ভর্তি প্রক্রিয়া সম্পন্ন করিয়া ০১ (এক) মাসের মধ্যে ছাত্র রেজিস্ট্রেশনের জন্য বিএমএন্ডডিসিতে আবেদন করিতে হইবে।
- (৩) আবেদন ফর্মের সহিত মেধাক্রমানুসারে ছাত্রদের প্রাপ্ত Merit Score উল্লেখ করিয়া ভর্তিকৃত ছাত্রদের তালিকা সংযুক্ত করিতে হইবে।

বেসরকারী মেডিকেল/ডেন্টাল কলেজ/ইনস্টিটিউট সমূহে ভর্তিচ্ছু ছাত্র এবং তাহাদের অভিভাবকগণকে এই মর্মে অবহিত করা যাইতেছে যে, উপরোল্লিখিত নিয়মের বাহিরে কোন বেসরকারী মেডিকেল কিংবা ডেন্টাল কলেজ/ইনস্টিটিউট এ কেহ ভর্তি হইলে তাহাদিগকে রেজিস্ট্রেশন প্রদানের বিষয়ে কোন দায়ভার অত্র কাউন্সিল গ্রহণ করিবে না।

২। বাংলাদেশী কোন ছাত্র ছাত্রী বিদেশে চিকিৎসা/দস্ত চিকিৎসা বিষয়ে স্নাতক ডিগ্রী অর্জনের জন্য অধ্যয়ন করিতে চাহিলে বাংলাদেশ মেডিকেল এন্ড ডেন্টাল কাউন্সিল হইতে তাহাকে আবশ্যিকভাবে Eligibility Certificate গ্রহণ করিতে হইবে এবং ডিগ্রী অর্জনের পর রেজিস্ট্রেশনের জন্য কাউন্সিলে আবেদন করার সময় উক্ত Eligibility Certificate জমা দিতে হইবে। অন্যথায় রেজিস্ট্রেশনের জন্য তাহাদের আবেদন গ্রহণ করা হইবে না। উল্লেখ্য যে, বাংলাদেশের মেডিকেল এবং ডেন্টাল কলেজ/ইনস্টিটিউট সমূহে ভর্তির জন্য প্রতি বৎসর স্বাস্থ্য অধিদপ্তর হইতে ভর্তির যে নীতিমালা নির্ধারণ করা হয়, অত্র কাউন্সিল হইতে Eligibility Certificate গ্রহণের জন্য উক্ত নীতিমালা প্রযোজ্য হইবে।

৩। বাংলাদেশ মেডিকেল এন্ড ডেন্টাল কাউন্সিল কতৃক স্বীকৃত নয় এমন কোন চিকিৎসা শিক্ষা প্রতিষ্ঠান (মেডিকেল/ডেন্টাল কলেজ/ইনস্টিটিউট) হইতে যদি কেহ ডিগ্রী/সনদপ্রাপ্ত হন তাহা হইলে চিকিৎসা কার্য পরিচালনার জন্য তাহাকে রেজিস্ট্রেশন প্রদান করা হইবে না এবং তিনি বাংলাদেশে কোনরকম এলোপ্যাথি চিকিৎসা করিতে বা চিকিৎসক বা ডেন্টাল চিকিৎসক হিসাবে পরিচয় দিতে পারিবেন না। এমতাবস্থায় কোন চিকিৎসা শিক্ষা প্রতিষ্ঠানে (মেডিকেল/ডেন্টাল কলেজ/ইনস্টিটিউট) ভর্তিচ্ছু ছাত্র-ছাত্রী এবং তাহাদের অভিভাবকগণকে প্রতিষ্ঠানটির সরকারী অনুমোদন (Uptodate), বিশ্ববিদ্যালয়ের অধিভুক্তি (Uptodate) এবং বাংলাদেশ মেডিকেল এন্ড ডেন্টাল কাউন্সিলের স্বীকৃতি সম্পর্কে অবহিত হওয়ার জন্য অনুরোধ করা যাইতেছে।

Dr. Md. Z. H. Basunia
Registrar,
Bangladesh Medical & Dental Council.